দৈনিক ইত্তেফাক

তারিখ 30 DEC 1995
পৃষ্ঠা ৩ কলাম ৮

৮৫

## বিএম কলেজে অতিরিক্ত ভর্তি ফি আদায়ের অভিযোগ

বরিশাল অফিস ॥ সরকারী বি, এম কলেজে বিভিন্ন শ্রেণীতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিকট হইতে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ পাওয়া গিয়াছে। স্নাতকোত্তর ১ম পর্বে ভর্তির জন্য এ বছর জাতীয় বিশ্ববিদ্যালয়

(৪র্থ পৃঃ দ্রঃ)

## বি এম কলেজ

(৩য় পৃঃ পর)

বিলম্ব ফি রহিত করিলেও এ কলেজে জনপ্রতি ৫০ টাকা বিলম্ব ফি আদায় হয়। স্নাতকোত্তর প্রথম পর্বে প্রাইভেট পরীক্ষার্থী-দের রেজিষ্ট্রেশন, তালিকাভুক্তি ও ব্যবস্থাপনা ফি হিসাবে জনপ্রতি ২০০ টাকা আদায় হইয়াছে। অথচ জাতীয় বিশ্ববিদ্যালয় ফি নির্ধারণ করিয়াছে ১৭৫ টাকা। একাদশ শ্রেণীতে ভর্তির সময় ছাত্র-ছাত্রীদের নিকট হইতে কলেজের টুকটাক মেরামত বাবদ ৫০ টাকা, রোভার রেঞ্জার বাবদ দুইখাতে ১৫ টাকা ও ভর্তি পরবর্তী কার্যক্রম খাতে ২০ টাকা আদায় করা হয়। ইহাছাড়া প্রত্যেক ভর্তিচ্ছু ছাত্রছাত্রীর নিকট বাধ্য-তামূলকভাবে রেডক্রিসেন্ট লটারী বিক্রয় করা হয়। এ ব্যাপারে কলেজ কর্তৃপক্ষের কোন বক্তব্য পাওয়া যায় নাই। কারণ তৎ-কালীন অধ্যক্ষ সম্প্রতি অবসর গ্রহণ করিয়াছেন।